পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

রাজশাহী বিশ্ববিদ্যালয়
রাজশাহী

## সংশোধিত

পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃংখলা বিরোধী কাজের জন্য ৩৪৫তম সিন্ডিকেট সভায় অনুমোদিত বর্তমানে যে শাস্তির বিধান আছে, গত ০৯-০৬-২০১৬ ইং তারিখে অনুষ্ঠিত পরীক্ষা শৃংখলা কমিটির সভার সকল সদস্য তা সংশোধন /পরিবর্তন হওয়া প্রয়োজন বলে মত প্রকাশ করেন। প্রচলিত শাস্তির ধারাগুলি সংশোধন, সংযোজন ও সমন্বয় পূর্বক একটি সুপারিশ প্রদানের জন্য মাননীয় উপাচার্য মহোদয় উপ-উপাচার্য-কে সভাপতি ও পরীক্ষা নিয়ন্ত্রককে সদস্য-সচিব এবং ডীন্ আইন অনুষদ, ডীন্ প্রকৌশল অনুষদ, প্রাধ্যক্ষ শহীদ হবিবুর রহমান হল, পরিচালক আই.সি.টি সেন্টারকে সদস্য করে একটি কমিটি গঠন করেন। পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃংখলা বিরোধী কাজের জন্য যে শাস্তির বিধান আছে তা সংশোধনের জন্য গঠিত কমিটি গত ২৮-০৭-২০১৬ ও ১২-১১-২০১৬ ইং তারিখে সভায় মিলিত হয়ে শাস্তির ধারাগুলি সংশোধন, সংযোজন ও সমন্বয় করে নিম্নে সুপারিশ প্রদান করেন।

### পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃংখলা বিরোধী আচরণের জন্য শাস্তির ধারা নিম্নরুপ হবেঃ-

### ১। শুধু মাত্র চলতি পরীক্ষা বাতিল (অর্থাৎঃ X)

(ক) পরীক্ষা কক্ষে অন্য কারো সঙ্গে যোগাযোগ করা বা চেষ্টা করা;

(খ) নকল করার মত কোন জিনিস পরীক্ষার্থীর কাছে থাকা;

(গ) প্রবেশপত্র, টেবিল, বেঞ্চ, প্রশ্নপত্র বা পরীক্ষার সরঞ্জামাদি প্রভৃতির লেখা হতে অথবা পরিধেয় বস্ত্র বা শরীরের অংশ হতে নকল করা;

(ঘ) দূষনীয় কাগজ হতে পয়েন্ট নিয়ে তা বিস্তারিতভাবে লেখার চেষ্টা করা;

(ঙ) পরিদর্শক, পরীক্ষক, প্রধান পরিদর্শক, পরীক্ষা কমিটির সদস্য, সভাপতি, টেবুলেটর যে কাউকে প্রভাবিত করার চেষ্ট করা;

(চ) পরীক্ষার হলে মোবাইলে তোলা ছবি থেকে বা মোবাইল সংযোগের মাধ্যমে বা ইলেকট্রনিক্র যন্ত্রপাতি দ্বারা নকলের চেষ্টা করা;

(ছ) পরীক্ষার্থী তার রিসার্চ মনোগ্রাফ/টার্ম পেপারে অন্য পরীক্ষার্থীর রিসার্চ মনোগ্রাফ/টার্ম পেপার কোন রেফারেন্স ছাড়া কপি করে জমা দিলে;

(জ) উত্তরপত্র মূল্যায়নের সময় মূল খাতার সঙ্গে অতিরিক্ত খাতার অসঙ্গতি প্রমাণিত হলে;

(ঝ) ক্যালকুলেটর (অনুমোদিত, অন-অনুমোদিত) দ্বারা নকল করার চেষ্টা করা হলে;

### ২। চলতি পরীক্ষা বাতিলসহ পরবর্তী ১ (এক) বছরের পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত থাকা (অর্থাৎঃ X+1)

(ক) মূল খাতায় বাইরের লেখা কোন পাতা সংযুক্ত করলে;

(খ) পরীক্ষার হলে বিশৃংখলা সৃষ্টিকরা বা করার চেষ্টা করা;

(গ) পরীক্ষায় এক পরীক্ষার্থী অপর পরীক্ষার্থীর সাথে উত্তরপত্র বিনিময় (Exchange) করলে;

### ৩। চলতি পরীক্ষা বাতিলসহ পরবর্তী আরো ২ (দুই) বছরের পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত থাকা (অর্থাৎঃ X+2)

(ক) পরিদর্শকের সাথে আপত্তিকর ভাষা প্রয়োগ করলে বা পরীক্ষা কক্ষের ভিতরে বা বাইরে পরিদর্শককে ভীতি প্রদর্শন করলে;

(খ) পরীক্ষা কক্ষ হতে খাতা বাইরে নিয়ে যাওয়া, খাতা ছিড়ে ফেলা বা ছেড়া খাতা জমা দেয়া;

(গ) পরীক্ষার কাজে নিয়োজিত কাউকে অপমান করলে বা উগ্র আচরণ করলে বা শারিরীকভাবে লাঞ্ছিত করলে;

পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও শৃংখলা বিরোধী কাজে জড়িত কোন পরীক্ষার্থীকে শাস্তি প্রদান মূল পরীক্ষা শৃংখলা কমিটির শাস্তির সুপারিশের ভিত্তিতে সিন্ডিকেট প্রদান করবে।

২৭/২/১৭

**মূল পরীক্ষা শৃংখলা কমিটি নিম্নরুপ ব্যক্তিবর্গ নিয়ে গঠিত হবেঃ-**

| | |
|---|---|
| (ক) উপাচার্য | - সভাপতি (পদাধিকার বলে) |
| (খ) সকল অনুষদ অধিকর্তা | - সদস্য ঐ |
| (গ) উপাচার্য মনোনীত ২ জন প্রাধ্যক্ষ | - সদস্য |
| (ঘ) উপাচার্য মনোনীত ৩ জন অধ্যাপক | - সদস্য |
| (ঙ) পরীক্ষা নিয়ন্ত্রক | - সদস্য-সচিব (পদাধিকার বলে) |

উপাচার্য ও পরীক্ষা নিয়ন্ত্রক ব্যতীত অন্যান্য উল্লেখিত সদস্যগণ ২ বছরের জন্য মনোনীত হবেন। মূল কমিটিতে কমপক্ষে ৫ জন সদস্য উপস্থিত থাকলে কোরাম হবে।

উপাচার্য মনোনীত প্রাধ্যক্ষ ক্যাটাগরি থেকে ১ জনকে আহ্বায়ক, অধ্যাপক ক্যাটাগরি থেকে ২ জনকে সদস্য এবং পরীক্ষা নিয়ন্ত্রককে সদস্য-সচিব করে পরীক্ষা শৃংখলা উপ-কমিটি গঠিত হবে। উপ-কমিটিতে কমপক্ষে ২ জন সদস্য উপস্থিত থাকলে কোরাম হবে। পরীক্ষা শৃংখলা মূল কমিটির সভা হওয়ার পূর্বে পরীক্ষা শৃংখলা উপ-কমিটি সভা করে উল্লেখিত ধারার আলোকে অভিযুক্ত পরীক্ষার্থীদের বিরুদ্ধে শাস্তির সুপারিশ করবে এবং সেই অনুসারে উপ-কমিটির উপস্থিত সকল সদস্যবৃন্দের স্বাক্ষর নিয়ে প্রদত্ত শাস্তির একটি কার্যবিবরণী (Statement) তৈরী করবে যা পরবর্তীতে মূল পরীক্ষা শৃংখলা কমিটিতে উপস্থাপন করা হবে। পরীক্ষা শৃংখলা উপ-কমিটির সিদ্ধান্তসমুহ প্রয়োজন বোধে মূল কমিটি পরিমার্জন, পরিবর্তন বা সংশোধন করতে পারবে।

২৭.২.১৭

প্রফেসর ড. চৌধুরী সারওয়ার জাহান
সভাপতি
পরীক্ষা শৃংখলা ধারা সংশোধন কমিটি
ও
উপ-উপাচার্য
রাজশাহী বিশ্ববিদ্যালয়

২৭।২।১৭

প্রফেসর ড. মো. আসাবুল হক
সদস্য-সচিব
পরীক্ষা শৃংখলা ধারা সংশোধন কমিটি
ও
পরীক্ষা নিয়ন্ত্রক
রাজশাহী বিশ্ববিদ্যালয়

পরীক্ষা শৃংখলা ধারা সংশোধন কমিটির সুপারিশ ১৯-১২-২০১৬ ইং তারিখে অনুষ্ঠিত ২৪৩ তম শিক্ষা পরিষদ সভার বিবেচনা ও সুপারিশক্রমে ০৪-০২-২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত ৪৭০ তম সিন্ডিকেট সভার কার্যবিবরণী উদ্ধৃতাংশ ।

**প্রস্তাব নং-২৩**

১২-১১-২০১৬ ইং তারিখে অনুষ্ঠিত পরীক্ষা শৃংখলা শাস্তির ধারা সংশোধন কমিটি সভার কার্যবিবরণী বিবেচনা।

**সিদ্ধান্ত নং-২৩**

১২-১১-২০১৬ ইং তারিখে অনুষ্ঠিত পরীক্ষা শৃংখলা শাস্তির ধারা সংশোধন কমিটি সভার কার্যবিবরণী বিবেচিত হলো এবং তা অনুমোদিত হলো।

(সংশোধিত পরিশিষ্ট-২৩)

২৭-২-১৭

রেজিস্ট্রার/এর পক্ষে
রাজশাহী বিশ্ববিদ্যালয়